❖ আলোর প্রতিসরণ (Refraction of Light): আলোকরশ্মি এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে যাওয়ার সময় মাধ্যমদ্বয়ের বিভেদ তলে তীর্যকভাবে আপতিত আলোকরশ্মির দিক পরিবর্তন করার ঘটনাকে আলোর প্রতিসরণ বলে।

আলোর প্রতিসরণের কিছু উদাহরণ :

১. আলোর প্রতিসরণের জন্য পানির নিচে নৌকার বৈঠা বাঁকা দেখা যায়।
২. বায়ুমণ্ডলীয় আলোর প্রতিসরণের জন্য সূর্যোদয়ের খানিকটা পূর্বে ও পরে সূর্যকে দেখা যায়।
৩. চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায় আলোর প্রতিসরণের কারণে।
৪. আলোর প্রতিসরণের কারণেই রাতের আকাশে তারাগুলো ঝিকিঝিকি করে বলে মনে হয়।



আলো (LIGHT)

❖ প্রতিসরণের সূত্র :

প্রথম

সমতল → μ_1 μ_2 45° $\theta = ?$

➔ প্রতিসরণের প্রথম সূত্র: আপতন রশ্মি এবং লম্ব দিয়ে আমরা যে সমতলটি কল্পনা করে নিয়েছি প্রতিসরিত রশ্মি সেই একই সমতলে থাকবে।



➔ প্রতিসরণের দ্বিতীয় সূত্র: প্রথম মাধ্যমের প্রতিসরণাঙ্ক n_1 , দ্বিতীয় মাধ্যমের প্রতিসরণাঙ্ক n_2 , আপতন কোণ θ_1 , এবং প্রতিসরিত কোণ θ_2 , হলে, $n_1 \sin\theta_1 = n_2 \sin\theta_2$

যদি প্রথম মাধ্যমটি বাতাস হয় তাহলে $n_1 = 1$ ধরে লিখতে পারি, $n_2 = \frac{\sin\theta_1}{\sin\theta_2}$

$\frac{\mu_1}{\mu_2} = \frac{\sin\theta_2}{\sin\theta_1}$

সমতল

মাধ্যম




আলো (LIGHT)

আলোর বিচ্ছুরণ (Dispersion of Light)

হীরা, মূল্যবান রত্ন, স্ফটিক ইত্যাদির মধ্য দিয়ে আলো প্রবেশ করলে তা বিভিন্ন উজ্জ্বল বর্ণের সৃষ্টি করে, এই অভিজ্ঞতা মানুষের প্রাচীনকাল থেকেই ছিল। বিভিন্ন উজ্জ্বল বর্ণ সৃষ্টির ক্ষমতার ওপর নির্ভর করেই রত্নরাজির মূল্য কমবেশি হতো। কিন্তু সাধারণ আলো প্রবেশে কেন উজ্জ্বল বর্ণের আলো সৃষ্টি হয় তার ব্যাখ্যা কারো জানা ছিল না। ১৬৬৬ খ্রিষ্টাব্দে বিখ্যাত বিজ্ঞানী স্যার আইজাক নিউটন পরীক্ষার সাহায্যে প্রথম প্রমাণ করেন যে, সাদা আলোর প্রকৃতি যৌগিক।

সাদা আলোকরশ্মি প্রিজমের মধ্য দিয়ে প্রতিসরণের ফলে সাতটি মূল বর্ণের আলোকে বিভক্ত হওয়াকে আলোর বিচ্ছুরণ বলে। সাধারণভাবে বলা যায় যে, কোনো যৌগিক আলোক রশ্মির বিভিন্ন বর্ণে বিভক্ত হওয়াকে বিচ্ছুরণ বলে। বিচ্ছুরণের ফলে মূল বর্ণসমূহের যে সজ্জা পাওয়া যায় তাকে বর্ণালি বলে।

আলো (LIGHT)



মৌলিক বর্ণ	পরিপূরক বর্ণ
লাল	লাল + নীল = বেগুনী সবুজ + লাল = হলুদ
সবুজ	লাল + হলুদ = কমলা সবুজ + নীল = ময়ূরকণ্ঠী নীল
নীল	নীল + হলুদ = সবুজ লাল + নীল + সবুজ = সাদা

জানার বিষয়:

- কাঁচের মধ্যে লাল আলোর বেগ বেগুনি বর্ণের আলোর বেগের চেয়ে ১.৮ গুণ বেশি।
- মাধ্যমে আলোর বেগ তরঙ্গদৈর্ঘ্যের সমানুপাতিক ($c \propto \lambda$)।
- শূন্যস্থানে আলোর বিচ্ছুরণ হয়না কারণ সব বর্ণের আলো শূন্যস্থানে একই বেগে চলে।

আলো (LIGHT)

ব্যতিচার

A

দুটি আলোক উৎস থেকে একই বিস্তারের এবং একই তরঙ্গদৈর্ঘ্যের আলো নির্গত হয়ে কোনো বিন্দুতে আপতিত হলে উপরিপাতনের ফলে কোথাও উজ্জ্বল এবং কোথাও অন্ধকার সৃষ্টি হয়। আলোর এই উজ্জ্বলতার হ্রাস বৃদ্ধির ঘটনাকে ব্যতিচার বলা হয়। সমদশা সম্পন্ন আলোক রশ্মির উপরিপাতনের ফলে উজ্জ্বল বা চরম এবং বিপরীত দশা সম্পন্ন আলোক রশ্মির উপরিপাতনের ফলে অন্ধকার বা অবম- এর সৃষ্টি হয়। এটি একটি অস্থানিক ঘটনা।


ব্যতিচারের শর্ত:

১. উৎস দুটি সুসংগত হতে হবে।

২. একই তরঙ্গদৈর্ঘ্যের আলোক উৎস হতে হবে।



৩. তরঙ্গ দুটির বিস্তার সমান হতে হবে।

৪. তরঙ্গ উৎস দুটি খুব কাছাকাছি হতে হবে।



২০৫

Young's Double-Slit Experiment



আলো (LIGHT)

আলোর বিক্ষেপণ

যখন কোনো আলোক তরঙ্গ কোনো ক্ষুদ্র কণিকার উপর পড়ে তখন কণিকাগুলো আলোক তরঙ্গকে বিভিন্ন দিকে ছড়িয়ে দেয় তখন একে বলা হয় আলোর বিক্ষেপণ। আলোর তরঙ্গ দৈর্ঘ্য যত কম হবে তার বিক্ষেপণ তত বেশি হবে।

আলোর বিক্ষেপণের কিছু উদাহরণ-


- ✓ নীল আলোর বিক্ষেপণ অপেক্ষাকৃত বেশি বলে সমুদ্র নীল দেখায়।
- ✓ দিনের বেলা আকাশ কর্তৃক বিক্ষিপ্ত হালকা নীল আলো চাঁদের নিজস্ব হলুদ রঙের সাথে মিশে যায়। এই দুটি বর্ণের মিশ্রণের ফলে চোখে চাঁদকে সাদা বলে মনে হয়। কিন্তু সূর্যাস্তের পর আকাশের হালকা নীল বর্ণ লোপ পায় বলে চাঁদকে হলুদ দেখায়।
- ✓ একজন নভোচারী আকাশের রঙ কালো দেখতে পায়, কারণ মহাকাশে কোনো বায়ুমণ্ডল নেই।



আলো (LIGHT)

❖ **লেঙ্গ (Lens):** দুটি গোলীয় অথবা একটি গোলীয় ও একটি সমতল অথবা দুটি বেলনাকৃতি অথবা একটি বেলনাকৃতি ও একটি সমতল পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ কোনো স্বচ্ছ প্রতিসারককে লেঙ্গ বলে। লেঙ্গের ভেতর দিয়ে আলোর প্রতিসরণ ঘটে। লেঙ্গ প্রধানত দুই প্রকার। যথা: (১) উত্তল লেঙ্গ বা অভিসারী লেঙ্গ

(২) অবতল লেঙ্গ বা অপসারী লেঙ্গ।



➔ **উত্তল লেঙ্গ:** যে লেঙ্গের মধ্যভাগ মোটা ও প্রান্ত সরু তাকে উত্তল লেঙ্গ বলে। উত্তল লেঙ্গে আলোক রশ্মি উত্তল পৃষ্ঠে আপতিত হয় বলে তাকে উত্তল লেঙ্গ বলে। এ লেঙ্গ সাধারণত এক গুচ্ছ সমান্তরাল আলোক রশ্মিকে অভিসারী করে থাকে বলে তাকে অভিসারী লেঙ্গও বলা হয়।


➔ **উত্তল লেঙ্গের ব্যবহার :**

১. আতশি কাঁচ হিসাবে এবং আগুন জ্বালানোর কাজে ব্যবহৃত হয়।
২. চশমা, ক্যামেরা, বিবর্ধক কাচ, অনুবীক্ষণ যন্ত্র ইত্যাদি আলোক যন্ত্রে ব্যবহৃত হয়।

আলো (LIGHT)

❖ অবতল লেন্স:



যে লেন্সের মধ্যভাগ সরু ও প্রান্তের দিক মোটা তাকে অবতল লেন্স বলে। অবতল লেন্সে আলোক রশ্মি অবতল পৃষ্ঠে আপতিত হয় বলে তাকে অবতল লেন্স বলে। এ লেন্স সাধারণত এক গুচ্ছ আলোক রশ্মিকে অপসারী করে থাকে, এজন্য একে অপসারী লেন্সও বলা হয়।




ব্যবহার: প্রধানত চশমায় ব্যবহৃত হয়। গ্যালিলিওর দূরবীক্ষণ যন্ত্র এবং সিনেমাস্কোপ প্রজেক্টরে অবতল লেন্স ব্যবহার করা হয়।


আলো (LIGHT)

➔ **প্রধান ফোকাস:** লেন্সের প্রধান অক্ষের সমান্তরাল এবং নিকটবর্তী রশ্মিগুচ্ছ প্রতিসরণের পর প্রধান অক্ষের উপর যে বিন্দুতে মিলিত হয় (উত্তল লেন্সে) বা যে বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয় (অবতল লেন্সে), সেই বিন্দুকে প্রধান ফোকাস বলে।



➔ **আলোক কেন্দ্র :** কোনো আলোক রশ্মি যদি কোনো লেন্সের এক পৃষ্ঠে আপতিত হয়ে নির্গত হওয়ার সময় আপাতত রশ্মির সমান্তরালভাবে নির্গত হয় তাহলে সেই রশ্মি লেন্সের প্রধান অক্ষের উপর যে বিন্দু দিয়ে যায়, সেই বিন্দুকে লেন্সের আলোক কেন্দ্র বলে। চিত্রে C হলো লেন্সের আলোক কেন্দ্র।





আলো (LIGHT)

❖ **লেন্সের ক্ষমতা (Power of Lens):** আমরা জানি, সমান্তরাল রশ্মিগুচ্ছ লেন্স দ্বারা প্রতিসৃত হওয়ার পর অভিসারী (উত্তল লেন্সে) বা অপসারী (অবতল লেন্সে) রশ্মি গুচ্ছ পরিণত হয়।

➔ **সংজ্ঞা:** কোনো লেন্সের ক্ষমতা বলতে লেন্সটি তার উপর আপতিত একগুচ্ছ সমান্তরাল আলোকরশ্মিকে কী পরিমাণ অভিসারী বা অপসারী রশ্মিগুচ্ছ পরিণত করতে পারে তা বুঝায়।

➔ **ফোকাস দূরত্ব:** লেন্সের আলোককেন্দ্র থেকে প্রধান ফোকাস বা দ্বিতীয় ফোকাস পর্যন্ত দূরত্বকে লেন্সের ফোকাস দূরত্ব বলে। লেন্সের ক্ষমতা বলতে এর ফোকাস দূরত্বের বিপরীত (reciprocal) সংখ্যাকে বুঝায়। অর্থাৎ কোনো লেন্সের ফোকাস দূরত্ব f এবং

$$\text{এর ক্ষমতা } P \text{ হলে, } P = \frac{1}{f}$$

➔ **লেন্সের ক্ষমতার একক :** 1m ফোকাস দূরত্বের কোনো লেন্সের ক্ষমতাকে 1 ডায়প্টার (dioptrre বা D) বলে।

$$\therefore P = \frac{1}{f(m)} D$$

➔ উত্তল লেন্সের ক্ষমতাকে ধনাত্মক এবং অবতল লেন্সের ক্ষমতাকে ঋণাত্মক ধরা হয়।

➔ কোনো লেন্সের ক্ষমতা $-4D$ বলতে বুঝায় যে, এটি একটি অবতল লেন্স এবং এর ফোকাস দূরত্ব,



$$f = -\frac{1}{4} m = -25 \text{ cm}$$

➔ অনুরূপভাবে কোনো লেন্সের ক্ষমতা $+2D$ হলে, এটি 50 cm ফোকাস দূরত্বের একটি উত্তল লেন্স নির্দেশ করে।

আলো (LIGHT)

➤ **চোখের ত্রুটি এবং তার প্রতিকার:** সুস্থ এবং স্বাভাবিক চোখ “নিকট বিন্দু” (Near point) থেকে শুরু করে অসীম দূরত্বের দূর বিন্দুর মাঝখানে যে স্থানেই কোনো বস্তু থাকুক না কেন সেটা স্পষ্ট দেখতে পারে। এটাই চোখের স্বাভাবিক দৃষ্টিশক্তি। এই স্বাভাবিক দৃষ্টিশক্তি ব্যাহত হলেই তাকে চোখের ত্রুটির ত্রুটি বলা হয়।

❖ **হ্রস্বদৃষ্টি বা ক্ষীণদৃষ্টি (Myopia):** যখন চোখ কাছের বস্তু দেখতে পায় কিন্তু দূরের বস্তু দেখতে পায় না, তখন চোখের এই ত্রুটিকে হ্রস্বদৃষ্টি বলে। এরূপ চোখের দূর বিন্দুটি অসীম দূরত্ব অপেক্ষা খানিকটা নিকটে থাকে এবং বস্তুকে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব হতে আরও কাছে আনলে অধিকতর স্পষ্ট দেখায়।



আলো (LIGHT)

❖ ত্রুটির কারণ:

১. চোখের লেন্সের অভিসারী শক্তি বৃদ্ধি পেলে বা ফোকাস দূরত্ব কমে গেলে ও
২. কোনো কারণে অক্ষিগোলকের ব্যাসার্ধ বৃদ্ধি পেলে।

❖ ত্রুটির ফল: এর ফলে দূরের বস্তু থেকে আসা আলোকরশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার উপরে প্রতিবিম্ব তৈরি না করে একটু সামনে (F) প্রতিবিম্ব তৈরি করে। ফলে চোখ বস্তুটি স্পষ্ট দেখতে পায় না।



❖ প্রতিকার: এই ত্রুটি দূর করার জন্য **অবতল লেন্সের চশমা** ব্যবহার করতে হয়।

আলো (LIGHT)

❖ দীর্ঘদৃষ্টি বা দূরদৃষ্টি (Hypermetropia): যখন কোনো চোখ দূরের বস্তু দেখে কিন্তু কাছের বস্তু দেখতে পায় না, তখন এই ত্রুটিকে দীর্ঘদৃষ্টি বলে। সাধারণত বয়স্ক ব্যক্তিদের মধ্যে এই ত্রুটি দেখা যায়।

❖ ত্রুটির কারণ:


১. চোখের লেন্সের অভিসারী ক্ষমতা হ্রাস পেলে অথবা চোখের লেন্সের ফোকাস দূরত্ব বেড়ে গেলে।
২. কোনো কারণে অক্ষি-গোলকের ব্যাসার্ধ কমে গেলে।




❖ ত্রুটির ফল: এর ফলে দূর থেকে আসা আলো সঠিকভাবে চোখের রেটিনাতে প্রতিবিম্ব তৈরি করলেও কাছাকাছি বিন্দু থেকে আসা আলোকরশ্মি চোখের লেন্সের মধ্য দিয়ে প্রতিসরণের পর রেটিনার ঠিক উপরে না হয়ে পিছনে (F) বিন্দুতে মিলিত হয়। ফলে চোখ কাছের বস্তু স্পষ্ট দেখতে পায় না।

❖ প্রতিকার: এই ত্রুটি দূর করার জন্য উত্তল লেন্সের চশমা ব্যবহার করতে হয়।

বর্ণান্ধতা




৭৫



Astigmatism

Normal vision




Clear vision

Vision

Single focal point

Astigmatism




Blurred vision

Vision

Multiple focal points

Cleveland
Clinic
©2022


Cornea - sphere shape



Normal
vision

One focal
point

Cornea - oval shape



Astigmatism

Multiple
focal points

Astigmatism FAQ's:




• What is astigmatism?
Instead of being round, the eye's lens is oval


• What causes astigmatism?
People are usually born with astigmatism, and it remains stable for life. In some eye conditions, astigmatism can worsen over time

• Can astigmatism be cured?
Astigmatism can easily be corrected with glasses or contact lenses

• Can I get laser eye surgery or LASIK?
In most cases, yes. If the astigmatism is very high, or if it is irregular, laser may not be possible

tonic






Treatment options include wearing corrective eyeglasses (spectacle lenses) or contact lenses, undergoing refractive surgery, or getting lens implants for presbyopia.


আলো (LIGHT)

❖ ফটো তড়িৎ ক্রিয়া (Photo Electric Effect):



3-min break

1A দ্রব



ধাতব পাত

চিত্র : আলোক তড়িৎ ক্রিয়া

➔ সোডিয়াম, পটাশিয়াম, সিজিয়াম, লিথিয়াম, রুবিডিয়াম প্রভৃতি ক্ষারধর্মী পদার্থের উপর দৃশ্যমান আলোক আপতিত হলে অধিক পরিমাণে ফটো ইলেকট্রন নির্গত হয়।

$$K_{max} = eV_0$$

where

e = charge of electron
 V_0 = stopping potential





Figure 7.13 Emission of photoelectrons



$h\nu = () + () \rightarrow h\nu = W + K.E$


$\nu_{max}, K.E = \frac{1}{2} m v_{max}^2$

$h\nu = h\nu_0 + K.E$

$\therefore h\nu = h\nu_0 + \frac{1}{2} m v_{max}^2$

Graphic Representation of Einstein's Photoelectric Equation

Kinetic Energy of photons versus Frequency of light



$$\tan \theta = \frac{\frac{1}{2}mv^2_{\max}}{v - v_0}$$

$$\Rightarrow h = \frac{\frac{1}{2}mv^2_{\max}}{v - v_0}$$

$$\Rightarrow h\nu - h\nu_0 = \frac{1}{2}mv^2_{\max}$$

$$\therefore h\nu = h\nu_0 + \frac{1}{2}mv^2_{\max} \quad \text{--- } \textcircled{*}$$

আলো (LIGHT)

❖ ~~ফটোসেল~~ (Photocells): ফটোসেল (Photocells) হলো এক ধরনের শক্তির রূপান্তরক, যা বিভিন্ন তরঙ্গদৈর্ঘ্যের আলোকশক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত করে। এটি মূলত একটি পরিবর্তনশীল রোধ। আপতিত আলোর পরিমাণের ওপর এই পরিবর্তনশীল রোধের মান নির্ভর করে।

ব্যবহার:


Sensor


LDR

Light Resistor




তড়ি রোধ

- ✓ রাস্তায় চলাচলকারী যানবাহন গণনা করতে ব্যবহৃত হয়।
- ✓ বিমানবন্দরের কনভেয়ার বেলেটে চলমান মালপত্র গণনা করতে ব্যবহৃত হয়।
- ✓ ~~চুরি~~ প্রতিরোধক অ্যালার্ম পরিচালনা করতে ব্যবহৃত হয়।
- ✓ চলচ্চিত্রে শব্দ প্রক্ষেপণে ব্যবহৃত হয়।
- ✓ বিভিন্ন ধরনের বাণিজ্যিক ভবনের দরজা স্বয়ংক্রিয়ভাবে খুলতে ব্যবহৃত হয়।











LDR Symbol



What is Photoresistor (LDR)?

engineeringlearn.com





বিগত সালের বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নসমূহ

- পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের সংজ্ঞা দিন। মরীচিকা সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন। [৪৪তম বিসিএস লিখিত]
- কোনো যন্ত্র ছাড়া কীভাবে লেন্স শনাক্ত করা যাবে? [৪৪তম বিসিএস লিখিত]
- বিপদ সংকেতে লাল রঙ ব্যবহার করা হয় কেন? [৪৪তম বিসিএস লিখিত]
- কৃষ্ণ গহ্বর কী? [৪৪তম বিসিএস লিখিত]
- আলো কী? আলোর তড়িৎ-চুম্বকীয় তত্ত্ব আলোচনা করুন। [৪৩তম বিসিএস লিখিত]
- শক্তি ও তরঙ্গদৈর্ঘ্যের ক্রমানুসারে বিভিন্ন তড়িৎ-চুম্বকীয় তরঙ্গের নাম লিখুন। [৪৩তম বিসিএস লিখিত]
- বর্ণান্ধতা কী? ব্যাখ্যা করুন। [৪৩তম বিসিএস লিখিত]

বিগত সালের বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নসমূহ

- আলোর প্রতিসরণ কাকে বলে? আলোর প্রতিসরণের নিয়মগুলো লিখুন। [৪১তম বিসিএস লিখিত]
- অতিবেগুনি রশ্মি কী? এটা কী কী কাজে ব্যবহৃত হয়? [৪০তম বিসিএস লিখিত]
- প্রভা কী? প্রভা কত প্রকার ও কী কী? চিকিৎসা ক্ষেত্রে প্রভার ব্যবহার বর্ণনা করুন। [৪০তম বিসিএস লিখিত]
- সূর্যোদয় ও সূর্যাস্তের সময় সূর্য লাল দেখায় কেন? [৪০তম, ২০তম বিসিএস লিখিত]
- আলোর বিচ্ছুরণ কী? বর্ণালি সম্বন্ধে আলোকপাত করুন। [৩৮তম বিসিএস লিখিত]
- পানিতে পুঁতে রাখা বাঁশের খুঁটির ছায়া পানিতে বাঁকা দেখায় কেনো? [৩৮তম বিসিএস লিখিত]
- সৌরশক্তির বর্তমান ব্যবহার এবং এর সম্ভাবনা সম্পর্কে আলোকপাত করুন। [৩৮তম বিসিএস লিখিত]
- আলোর উপাদান কি? সূর্য হতে পৃথিবী পৃষ্ঠে পতিত আলোক তরঙ্গ সমূহের তরঙ্গ দৈর্ঘ্য উল্লেখপূর্বক শ্রেণীবিন্যাস করুন। [৩৭তম বিসিএস লিখিত]
- সূর্যের অতিবেগুনি রশ্মির প্রভাবে মানবদেহের কি কি ক্ষতি হয়? [৩৭তম বিসিএস লিখিত]
- সূর্যরশ্মি হতে বৈদ্যুতিক শক্তি উৎপাদনে দুইটি পদ্ধতির বর্ণনা দিন। [৩৭তম বিসিএস লিখিত]
- সাদা আলোক বিশ্লিষ্ট করলে কয়টি বর্ণ পাওয়া যায়? বর্ণগুলো কী কী? [৩৫তম বিসিএস লিখিত]

চুম্বকত্ব


❖ **চুম্বক ও চৌম্বকত্ব (Magnet and Magnetism):** যে সকল বস্তু চৌম্বক ক্ষেত্র তৈরি করে অন্য কোনো চুম্বক বা চৌম্বক পদার্থের উপর বল প্রয়োগ করতে পারে তাদের চুম্বক বলে। আর চুম্বকের এই বল প্রয়োগ করতে পারার ক্ষমতাকে তার চৌম্বকত্ব বলে। একটি চুম্বক অসংখ্য অণু চুম্বকের সমন্বয়ে গঠিত। চুম্বককে ভাঙতে ভাঙতে যদি এমন ক্ষুদ্র অংশে পরিণত করা হয় যেন তা ভাঙলে তার চুম্বকত্ব থাকে না, চুম্বকের এরূপ ক্ষুদ্র অংশকে অণু চুম্বক বলে। আর অণু চুম্বক সৃষ্টি হয় ইলেকট্রনের কক্ষীয় গতি ও ঘূর্ণন গতির কারণে।

☞ যে কোন চুম্বকের যেবৈশিষ্ট্যগুলো লক্ষ্য করা যায়-


- ✓ প্রতিটি চুম্বকের ২টি মেরু থাকে, যথা- উত্তর ও দক্ষিণ মেরু।
- ✓ চুম্বকের সমমেরু পরস্পরকে বিকর্ষণ করে এবং বিপরীত মেরু পরস্পরকে আকর্ষণ করে।
- ✓ একটি চুম্বককে মুক্তভাবে ঝুলিয়ে দিলে তা সর্বদা উত্তর-দক্ষিণমুখী হয়ে থাকে।
- ✓ একটি দণ্ডচুম্বককে যত টুকরাই করা হোক না কেন সর্বদা দুই প্রান্তে উত্তর মেরু ও দক্ষিণ মেরু সৃষ্টি করে।
- ✓ একটি নির্দিষ্ট তাপমাত্রায় চুম্বকের চুম্বকত্ব সম্পূর্ণরূপে বিলুপ্ত বা নষ্ট হয়ে যায়, তাকে উক্ত চুম্বকের কুরী বিন্দু বা কুরী তাপমাত্রা বলে। যেমন- **লোহায় নির্মিত চুম্বকের কুরী বিন্দু 770°সে.**



চুম্বকের প্রকারভেদ



চিত্র : প্রাকৃতিক চুম্বক




চুম্বকত্ব

➤ অস্থায়ী চুম্বক ও স্থায়ী চুম্বকের ব্যবহার:

কৃত্রিম চৌম্বক তৈরিতে ব্যবহৃত চৌম্বক পদার্থের উপাদানের উপর নির্ভর করে কৃত্রিম চুম্বককে দুই ভাগে বিভক্ত করা হয়েছে; যথা- (১) অস্থায়ী চুম্বক ও (২) স্থায়ী চুম্বক। এদের ব্যবহার নিম্নে আলোচনা করা হলো-

অস্থায়ী চুম্বকের ব্যবহার: কাঁচা লোহা, নিকেল ও লোহার সংকর ধাতুর তৈরি চৌম্বক পদার্থ দিয়ে কোমল চুম্বক তৈরি হয়, এটি অস্থায়ী চুম্বক। এ ধরনের চৌম্বক পদার্থকে কোনো চৌম্বকক্ষেত্রের মধ্যে আনলে তা চুম্বকে পরিণত হয়। চৌম্বকক্ষেত্র অপসারণ করার সাথে সাথে চুম্বকত্ব বিলুপ্ত হয়। মোটর, জেনারেটর, ট্রান্সফরমার ইত্যাদিতে এই ধরনের চুম্বক ব্যবহার করা হয়। তাছাড়া বিভিন্ন আকৃতির তড়িৎচুম্বক বৈদ্যুতিক ঘণ্টা তৈরি, ইস্পাতের ভারী জিনিস উঠানামা বা ময়লা সরানোর জন্য ক্রেন তৈরিতে ব্যবহৃত হয়। টেলিফোনের ইয়ার পিস ও দরজার তড়িৎ চুম্বক তালায়ও ইহা ব্যবহৃত হয়। কতগুলি সংকর ধাতু যেমন পারমালয় (লোহা ও নিকেলের সংকর ধাতু) এদের চৌম্বক প্রবেশ্যতা বেশি হওয়ায় তড়িৎ চুম্বক তৈরির কাজে ব্যবহৃত হয়। তাছাড়া নিকেল, কপার, লোহা ও ক্রোমিয়াম এর সংকর এই কাজে ব্যবহৃত হয়।



চুম্বকত্ব

স্থায়ী চুম্বকের ব্যবহার: স্থায়ী চুম্বকের চুম্বকত্ব সহজে বিলুপ্ত হয় না। তাই একে বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করা হয়। খুব শক্তিশালী স্থায়ী চুম্বকের জন্য এলনিকো; রেডিওর অ্যান্টেনা ও টেপ রেকর্ডিং এর ফিতার জন্য লোহা, কোবাল্ট ও ভ্যানাডিয়াম এর সংকর ভিক্যালয় (Vicalloy) এবং লাউড স্পীকারের চুম্বকের জন্য ডিকোনাল ব্যবহৃত হয়।

বহুল পরিচিত স্থায়ী চুম্বক হলো সিরামিক চুম্বক। এই চুম্বক কম্পিউটারের স্মৃতির ফিতায়, টেপরেকর্ডারের ফিতায় এবং রেডিওর অ্যান্টেনা তৈরিতে বহুল ব্যবহৃত হয়। এই সিরামিক চুম্বক আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি করা হয়। খনিজ থেকে উত্তোলনকৃত প্রাকৃতিক চুম্বকের দিকদর্শী ধর্ম থাকায় দিক নির্ণয়ের কাজে ব্যবহৃত হয়। ট্রান্সফরমারের কোর, টেলিফোনের ডায়াফ্রাম, ডাইনামো ও মোটরের আর্মেচার তৈরির জন্য ইস্পাত অপেক্ষা কাঁচা লোহা অনেক বেশি উপযোগী। কারণ কাঁচা লোহার হিস্টেরেসিস অপচয় ইস্পাত অপেক্ষা কম, চৌম্বক প্রবেশ্যতা প্রায় 250। লোহার সাথে 4% সিলিকন মিশিয়ে এর প্রবেশ্যতা বেশি করা হয়। এ রকম সংকর ধাতুকে স্ট্যালয় বলে।

চুম্বক সংক্রান্ত কিছু সংজ্ঞা

- **চুম্বক মেরু:** কোন চুম্বকের যে অঞ্চলে চুম্বকের আকর্ষণ বা বিকর্ষণ বল বেশি সেই অঞ্চলকে ঐ চুম্বকের মেরু বলে।
- **চৌম্বক আবেশ:** কোনো চৌম্বক পদার্থকে কোনো শক্তিশালী চুম্বকের নিকটে আনলে ঐ চুম্বক পদার্থটি সাময়িকভাবে চুম্বকে পরিণত হয় বা অন্য কোন চৌম্বক পদার্থকে আকর্ষণ করে। এ ঘটনাকে চৌম্বক আবেশ বলে। চৌম্বক আবেশের আন্তর্জাতিক একক টেসলা বা ওয়েবার/মিটার^২।
- **চৌম্বক ফ্লাস্ক:** চুম্বকের চারদিকে যে অঞ্চল জুড়ে বলরেখা ক্রিয়াশীল থাকে তাকে চৌম্বক ক্ষেত্র বলে। কোনো চৌম্বক ক্ষেত্রের মধ্যে বাস্তব বা কল্পিত কোনো তলের মধ্যে দিয়ে অতিক্রান্ত চৌম্বক বলরেখার সংখ্যাকে চৌম্বক ফ্লাক্স বলে। চৌম্বক ফ্লাক্সের একক ওয়েবার।
- **চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য:** চুম্বকের ক্ষেত্রের কোনো বিন্দুতে একক শক্তির একটি উত্তর মেরু স্থাপন করলে যে বল অনুভব করে তাকে ঐ ক্ষেত্রের প্রাবল্য বলে।

চুম্বক সংক্রান্ত কিছু সংজ্ঞা

চৌম্বক পদার্থের কয়েকটি বিশেষ ধর্ম:


কুরীবিन्दু: যে তাপমাত্রায় কোনো একটি চুম্বকের চুম্বকত্ব সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়, তাকে উক্ত চুম্বকের উপাদানের কুরীবিन्दু বলে।

চৌম্বক ধারকতা (Magnetic retentivity): চুম্বক বলের প্রভাব সরিয়ে নেওয়ার পর যে ধর্মের জন্য চৌম্বক পদার্থের মধ্যে কিছু পরিমাণ চুম্বকত্ব ধরে রাখা যায় তাকে ওই পদার্থের চৌম্বক ধারকতা বলে।

চৌম্বক নিগ্রাহিতা বা সহনশীলতা (Magnetic coercivity): চুম্বকত্ব হ্রাসের কারণসমূহ থাকা সত্ত্বেও কোনো একটি চৌম্বক পদার্থের মধ্যে উৎপন্ন চুম্বকত্ব ধরে রাখার ক্ষমতাকে ঐ পদার্থের চৌম্বক নিগ্রাহিতা বা সহনশীলতা বলে।

চুম্বকত্ব



❖ **সলিনয়েড:** সলিনয়েড হলো কাছাকাছি অনেকগুলো প্যাঁচযুক্ত লম্বা বেলনাকার কয়েল বা তারকুণ্ডলী। একটি লম্বা অন্তরীণ পরিবাহক তারকে স্প্রিং এর মত বহুপাকে ঘনসন্নিবিষ্ট করে সাজালে সলিনয়েড তৈরি হয়।



চিত্র : সলিনয়েড

❖ **সলিনয়েড সৃষ্ট চৌম্বকক্ষেত্রের প্রাবল্য :** বিন্দুর উপর কোন চৌম্বকক্ষেত্রের প্রাবল্য দুটি বিষয়ের উপর নির্ভর করে-

১. তড়িৎপ্রবাহের মান: সলিনয়েড প্রবাহের মান বৃদ্ধি করলে এর চৌম্বকক্ষেত্রের প্রাবল্য বৃদ্ধি পায়।
২. প্রতি একক দৈর্ঘ্যে প্যাঁচ বা পাকের সংখ্যা: প্রতি একক দৈর্ঘ্যে পাকের সংখ্যা বৃদ্ধি করলে চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য বৃদ্ধি পায়।



চুম্বকত্ব

❖ **দণ্ড চুম্বক** : দণ্ড চুম্বক হলো কৃত্রিম উপায়ে প্রস্তুতকৃত আয়তাকৃতির একটি চুম্বক। দণ্ড চুম্বকের এক প্রান্তে N চিহ্ন দ্বারা উত্তর মেরু এবং অন্য প্রান্তে S চিহ্ন দ্বারা দক্ষিণ মেরু বুঝানো হয়।



❖ **দণ্ড চুম্বকের বৈশিষ্ট্য** :


১. দণ্ড চুম্বক দ্বিমেরু বিশিষ্ট। এর এক প্রান্ত উত্তর মেরু এবং অন্যপ্রান্ত দক্ষিণ মেরু নির্দেশ করে।
২. দণ্ড চুম্বক আকর্ষণ বা বিকর্ষণ ধর্ম প্রকাশ করে।
৩. দণ্ড চুম্বকের চারদিকে চৌম্বক বলরেখা ক্রিয়াশীল থাকে।

চুম্বকত্ব

❖ **চৌম্বক বলরেখা (Magnetic lines of force):** যেসব কল্পিত রেখা দ্বারা চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য নির্দেশিত হয় তাদের চৌম্বক বলরেখা বলে। চৌম্বক বলরেখাসমূহ উত্তর মেরু থেকে নির্গত হয় এবং দক্ষিণ মেরুতে প্রবিষ্ট হয়। চৌম্বক বলরেখা উপবৃত্তাকার পথে চুম্বকের চারদিকে বেষ্টিত থাকে।

➔ চৌম্বক বলরেখার ধর্ম :

১. চৌম্বক বলরেখা বদ্ধ বক্ররেখা।
২. বলরেখাগুলো উত্তর মেরু হতে দক্ষিণ মেরুর দিকে যায়।
৩. বলরেখাগুলো পরস্পরকে ছেদ করে না।
৪. বলরেখাগুলো পরস্পরের উপর পার্শ্বচাপ প্রয়োগ করে।
৫. চৌম্বক ক্ষেত্রের কোনো বিন্দুতে বলরেখার সাথে অঙ্কিত স্পর্শক ঐ বিন্দুতে চৌম্বক ক্ষেত্রের দিক নির্দেশ করে।
৬. বলরেখার সাথে লম্বভাবে অবস্থিত একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে অতিক্রান্ত বলরেখার সংখ্যা চৌম্বক ক্ষেত্রের তীব্রতার মান নির্দেশ করে।




চিত্র : চৌম্বক বলরেখা

পৃথিবীর চুম্বকত্ব (TERRESTRIAL MAGNETISM)

☞ ১৬০০ খ্রিষ্টাব্দে রাণী এলিজাবেথের পারিবারিক চিকিৎসক ড. গীলবার্ট বিভিন্ন পরীক্ষা দ্বারা প্রমাণ করেন যে, পৃথিবী একটি চুম্বক। সাধারণ চুম্বকের মতো এর দুটি মেরু আছে। দক্ষিণ মেরু কানাডার উত্তর দিকে বুথিয়া উপদ্বীপে এবং উত্তর মেরু অ্যান্টার্কটিকা মহাদেশের দক্ষিণে ভিক্টোরিয়া অঞ্চলে অবস্থিত। পদার্থবিজ্ঞানের যে শাখায় পৃথিবীর চুম্বকত্ব এবং এতদসংক্রান্ত বিভিন্ন বিষয় জানা যায় তাকে ভূ-চুম্বকত্ব বা পৃথিবীর চৌম্বকত্ব বলে।

☞ ভূ-চুম্বকের দক্ষিণ মেরু ভৌগোলিক উত্তর মেরুর দিকে এবং ভূ-চুম্বকের উত্তর মেরু ভৌগোলিক দক্ষিণ মেরুর দিকে থাকে। তবে প্রকৃতপক্ষে ভূ-চুম্বকের দক্ষিণ মেরু ভৌগোলিক উত্তর মেরু হতে প্রায় ২৫০০ কি.মি. পশ্চিমে এবং ভূ-চুম্বকের উত্তর মেরু ভৌগোলিক দক্ষিণ মেরু হতে ২২০০ কি.মি. পূর্বে অবস্থিত।

☞ ভৌগোলিক উত্তর এবং দক্ষিণ মেরুর সংযোজক রেখাকে ভৌগোলিক অক্ষ বলে। তেমনি ভূ-চুম্বকের উত্তর এবং দক্ষিণ মেরুর সংযোজক রেখাকে ভূ-চৌম্বক অক্ষ বলে। ভৌগোলিক অক্ষের সাথে এই ভূ-চৌম্বক অক্ষ প্রায় 11° কোণ করে আছে (চিত্র)।




চুম্বকত্ব

ভূ-চুম্বক সম্পর্কীয় কয়েকটি রাশি:

- **ভূ-চৌম্বক মেরু:** পৃথিবী একটি চুম্বক। এর দুটি মেরু আছে। এদের নাম ভূ-চৌম্বক মেরু। পৃথিবীর যে দুটি স্থানে কোনো চৌম্বক শলাকাকে ভারকেন্দ্র হতে ঝুলালে তার চৌম্বক অক্ষ খাড়াভাবে অবস্থান করে ওই দুটি স্থানেই পৃথিবীর চৌম্বক মেরু অবস্থিত।
- **চৌম্বক অক্ষ:** ভূ-চৌম্বক দুই মেরুর সংযোজক কাল্পনিক রেখাকে ভূ-চৌম্বকের চৌম্বক অক্ষ বলে।
- **চৌম্বক মধ্যতল:** ভূ-চৌম্বকের চৌম্বক অক্ষ দিয়ে অঙ্কিত কাল্পনিক উল্লম্ব তলকে চৌম্বক মধ্যতল বলে।
- **ভৌগোলিক অক্ষ:** ভৌগোলিক দুই মেরুর সংযোজক কাল্পনিক রেখার নাম ভৌগোলিক অক্ষ।
- **ভৌগোলিক মধ্যতল:** ভৌগোলিক অক্ষের মধ্য দিয়ে যে উল্লম্ব তল কল্পনা করা হয়, তাকে ভৌগোলিক মধ্যতল বলে।
- **চৌম্বক দৈর্ঘ্য:** চৌম্বক অক্ষ বরাবর কোনো একটি চুম্বকের দুই মেরুর মধ্যবর্তী দূরত্বকে তার চৌম্বক দৈর্ঘ্য বলে। চৌম্বক দৈর্ঘ্য একটি দিক রাশি। এর দিক চুম্বকের অক্ষ বরাবর দক্ষিণ হতে উত্তর মেরুর দিকে।


চুম্বকত্ব

- **জ্যামিতিক দৈর্ঘ্য:** কোনো একটি চুম্বকের দুই প্রান্তের মধ্যবর্তী দূরত্বকে জ্যামিতিক দৈর্ঘ্য বলে। AB এর মধ্যবর্তী দূরত্ব জ্যামিতিক দৈর্ঘ্য এবং N ও S পোলের মধ্যবর্তী দূরত্ব চৌম্বক দৈর্ঘ্য




হলে, চৌম্বক দৈর্ঘ্য ও জ্যামিতিক দৈর্ঘ্যের মধ্যে সম্পর্ক হলো: $\frac{\text{চৌম্বক দৈর্ঘ্য}}{\text{জ্যামিতিক দৈর্ঘ্য}} = 0.85$

- **বিচ্যুতি:** কোনো একটি চুম্বককে ভারকেন্দ্র দিয়ে মুক্তভাবে ঝুলিয়ে রাখলে ভৌগোলিক মধ্যতলের সাথে তার মধ্যতল মিলে যায় না। একটি মধ্যতল অন্য মধ্যতলকে ছেদ করে। ফলে তাদের মধ্যে একটি কোণ উৎপন্ন হয়। এই কোণকে ওই স্থানের ভূ-চুম্বকত্বের বিচ্যুতি কোণ বা চ্যুতি বলে। একে সংক্রমণ কোণও বলা হয়। একে 'θ' দ্বারা প্রকাশ করা হয় ও ডিগ্রীতে মাপা হয়।






উদাহরণ: মনে করি, ঢাকার বিচ্যুতি কোণ $(\frac{1}{2})^\circ$ পূর্ব। উক্ত উক্তি দ্বারা বুঝা যায় যে, ঢাকায় মুক্তভাবে নড়নক্ষম কোনো সূচি চুম্বকের চৌম্বক অক্ষ চৌম্বক মধ্যতলে থেকে ভৌগোলিক অক্ষের সাথে $(\frac{1}{2})^\circ$ কোণ উৎপন্ন করে এবং এর উত্তর মেরু ভৌগোলিক অক্ষের পূর্ব দিকে থাকে।

চুম্বকত্ব




❖ ভূ-চুম্বকত্বের উপাদান (Elements of geomagnetism) : কোনো স্থানের ভূ-চুম্বকত্বের সঠিক পরিচয় ও পরিমাপের জন্য অর্থাৎ ভূ-চৌম্বক ক্ষেত্রের প্রাবল্যের মান এবং দিক নির্ণয়ের জন্য যে সব রাশির মান জানা দরকার তাদেরকে ভূ-চুম্বকত্বের উপাদান বা মূল রাশি বলে। ভূ-চুম্বকত্বের উপাদান মোট তিনটি; যথা—

- (১) বিচ্যুতি কোণ (Declination),
- (২) বিনতি কোণ (Angle of Dip or inclination) এবং
- (৩) ভূ-চৌম্বক ক্ষেত্রের অনুভূমিক প্রাবল্য (Horizontal intensity of the earth's magnetic field)।



চুম্বকত্ব

- **বিনতি:** একটি কাঠের দণ্ডকে এর ভারকেন্দ্র হতে পাকহীন সুতার সাহায্যে ঝুলিয়ে রাখলে এর অক্ষ অনুভূমিকভাবে অবস্থান করে (চিত্র ৩.১৯)। কিন্তু একটি চুম্বক কিংবা চৌম্বক শলাকাকে এর ভারকেন্দ্র হতে পাকহীন সুতার সাহায্যে ঝুলিয়ে দিলে তার চৌম্বক অক্ষ অনুভূমিকভাবে অবস্থান করে না, বরং অনুভূমিক তলের সাথে কিছু কোণ করে থাকে। এই কোণকে বিনতি কোণ বলে।




উদাহরণ: ঢাকার বিনতি কোণ $31^\circ N$ বলতে বুঝায় ঢাকায় একটি দণ্ড চুম্বককে মুক্তভাবে তার ভারকেন্দ্র হতে ঝুলালে, দণ্ড চুম্বকটির উত্তর মেরু অনুভূমিকের নিচের দিকে ঝুলে স্থির থাকবে এবং চুম্বকের চৌম্বক অক্ষ অনুভূমিক তলের সাথে 31° কোণ উৎপন্ন করবে।


- **ভূ-চৌম্বক ক্ষেত্রের অনুভূমিক ও উল্লম্ব উপাংশ:** পৃথিবীর কোনো স্থানে একটি একক মেরুশক্তির উত্তর মেরুর উপর ভূ-চুম্বকত্বের দরুন যে বল ক্রিয়া করে তাকে ওই স্থানের ভূ-চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য বা মোট প্রাবল্য বলে।

কোনো স্থানে ভূ-চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য I , অনুভূমিক উপাংশ H এবং অপরটি উল্লম্ব উপাংশ V


$$হলে- I = \sqrt{V^2 + H^2}$$

সংজ্ঞা: কোনো স্থানের ভূ-চৌম্বক ক্ষেত্রের প্রাবল্যের অনুভূমিক উপাংশকে ওই স্থানের ভূ-চৌম্বক ক্ষেত্রের অনুভূমিক প্রাবল্য এবং উল্লম্ব উপাংশকে ওই স্থানের ভূচৌম্বক ক্ষেত্রের উল্লম্ব প্রাবল্য বলে।





Faraday's Law Equation



$$\epsilon = -N \frac{d\phi}{dt}$$

ϵ : Electromotive force (EMF)
 N : Number of turns of the coil
 $\frac{d\phi}{dt}$: Instantaneous change of magnetic flux with time

$\phi = AB$ → magnetic (Wb)

Magnetic flux (Contd...)

- Magnetic flux is higher for stronger magnetic fields. Strong magnet = more lines.
- In the easiest case, with a constant magnetic field B , and a flat surface of area A , the magnetic flux is

$$\Phi_m = A \cdot B$$

$$\Phi_m = AB \cos \theta$$

Units: 1 weber = 1Wb = 1Tm²

$E = \frac{d\phi}{dt}$

$\frac{d\phi}{dt}$

ϕ

200ms 2ms
 1/1000



$$E = N \frac{d\phi}{dt}$$

Lenz's Law

Faraday's Law: $\mathcal{E} = -N \frac{d\Phi_B}{dt}$

The minus sign in the Faraday's law of induction is due to the fact that the induced emf will always oppose the change. It is also known as the Lenz's law and it is stated as follows:

The current from the induced emf will produce a magnetic field, which will always oppose the original change in the magnetic flux.




চুম্বকত্ব


❖ **স্ট্যান্ডার্ড গ্যালভানোমিটার:** গ্যালভানোমিটার এমন এক যন্ত্র যার সাহায্যে তড়িৎ প্রবাহের অস্তিত্ব ও পরিমাণ পরিমাপ করা যায়। চুম্বকের উপর তড়িৎ প্রবাহের ক্রিয়া বা তড়িৎ প্রবাহের উপর চুম্বক ক্ষেত্রের ক্রিয়ার ভিত্তিতে গ্যালভানোমিটার কাজ করে।

~~i) চুম্বকত্ব~~
~~ii) ক্রিয়া~~
 ~~$\tan \theta$~~


~~Electricity~~
~~Wires~~



CIRCUIT DIAGRAM



When a bar magnet is suspended in two magnetic fields B and B_h , it comes to rest making an angle θ with the direction of B_h .



Page 12 of 19

$$B = B_h \tan \theta \quad \dots(1)$$

If a current I passes through the coil of n turns and of radius a , the magnetic induction at the centre of the coil is

$$B = \frac{\mu_0 n I}{2a} \quad \dots(2)$$




Substituting equation (2) in equation (1)

$$\frac{\mu_0 n I}{2a} = B_h \tan \theta$$

$$\therefore I = \frac{2a B_h}{\mu_0 n} \tan \theta$$

$$I = K \tan \theta \quad \dots(3)$$

where $K = \frac{2a B_h}{\mu_0 n}$ is called the reduction factor of the tangent galvanometer. It is a constant at a place. Using this equation, current in the circuit can be determined.



~~মুখের~~

$$\tan \theta = \frac{B}{B_n} \quad \therefore B = B_n \tan \theta \quad \text{--- (1)}$$

$$B = \frac{\mu_0 N I}{2r} \quad \text{--- (2)}$$

$$B_n \tan \theta = \frac{\mu_0 N I}{2r} \Rightarrow \frac{I}{\tan \theta} = \frac{2r \times B_n}{\mu_0 N}$$

$$\frac{I}{\tan \theta} = K$$

$$K = \frac{2\pi \times \mu_0 N^2 I^2}{m_0 N}$$

Proportional constant

$$B_n$$

$$I = K \tan \theta$$

সংস্করণ

❖ ট্যানজেন্ট গ্যালভানোমিটারের ব্যবহার:

১. বর্তনীতে তড়িৎ প্রবাহের অস্তিত্ব ও পরিমাণ নির্ণয় করতে।
২. বর্তনীর ভোল্টেজ রোধ ইত্যাদির পরিবর্তন নির্ণয় করতে।
৩. চৌম্বক ক্ষেত্রের ভেক্টর প্রকৃতি অনুসন্ধান কাজে।
৪. ভূ-চৌম্বক ক্ষেত্রের অনুভূমিক তীব্রতা পরিমাপ করতে।
৫. ভূ-চৌম্বক ক্ষেত্রের শক্তি পরিমাপ করতে ট্যানজেন্ট গ্যালভানোমিটার ব্যবহার করা হয়।

❖ ট্যানজেন্ট গ্যালভানোমিটারের অসুবিধাসমূহ:

১. এটি চুলকুণ্ডলী গ্যালভানোমিটারের চেয়ে কম সংবেদনশীল।
২. এটি বাহ্যিক চৌম্বকক্ষেত্র দ্বারা প্রভাবিত হয়।
৩. এটি একটি নন লিনিয়ার যন্ত্র।
৪. এতে চুম্বক শলাকা ব্যবহার করায় এর উপর পৃথিবীর চৌম্বকক্ষেত্রের প্রভাব থাকে।
৫. যেকোনো স্থানে এটি ব্যবহার করা যায় না।

বিগত সালের বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নসমূহ

➤ চৌম্বক ডোমেইন-এর সংজ্ঞা দিন।

[৪৪তম বিসিএস লিখিত]

➤ 'হিস্টেরেসিস লুপ' ব্যাখ্যা করুন।

[৪৪তম বিসিএস লিখিত]

➤ পৃথিবী একটি বিরাট চুম্বক- উক্তিটি ব্যাখ্যা করুন।

[৪৪তম বিসিএস লিখিত]


➤ একটি চুম্বক থেকে কয়টি চুম্বক পাওয়া সম্ভব?

[৪৪তম বিসিএস লিখিত]

➤ একটি চুম্বকের পোলারিটি ও কুরি বিন্দু বলতে কী বোঝায়? ফেরোচৌম্বকত্ব কী? একটি ফেরোচুম্বককে কীভাবে প্যারাচুম্বকে পরিণত করা যায় বর্ণনা করুন।

[৪০তম বিসিএস লিখিত]

বিগত সালের বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্নসমূহ

- চৌম্বকক্ষেত্র কী? বিদ্যুৎ প্রবাহের উপর চুম্বকের ক্রিয়া কিরূপ?  [৩৮তম বিসিএস লিখিত]
- দণ্ড চুম্বকের তিনটি বৈশিষ্ট্য লিখুন। [৩৭তম বিসিএস লিখিত]
- প্যারাচৌম্বক, ডায়াচৌম্বক এবং ফেরোচৌম্বক পদার্থের সংজ্ঞা দিন এবং উল্লিখিত চৌম্বক পদার্থের দুটি ব্যবহার উল্লেখ করুন। [৩৭তম বিসিএস লিখিত]
- সলিনয়েডে সৃষ্ট চৌম্বকক্ষেত্রের প্রাবল্য কী কী উপায়ে বৃদ্ধি করা যায় আলোচনা করুন। [৩৬তম বিসিএস লিখিত]
- চৌম্বক বলরেখা বলতে কী বুঝেন? এর ধর্মাবলি লিখুন। [৩৪তম বিসিএস লিখিত]

But, যদি চুম্বক
তৈরি ??

Best of
Luck!!
W (prep book)
+ 9-10 ১৫
+ gya b/c
+ digram

BCS কঠিন নয়;
প্রস্তুতি যদি গোছানো হয়